গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৩।

নং-ধবিম/শাঃ৩/১-৩/২০০৭/৪২৪(২৩০) তারিখঃ-১৭.০৬.২০০৭

## ১৪২৮ হিজরী সনের
## হজ্জ সম্পর্কিত প্রেস বিজ্ঞপ্তি

চাঁদ দেখা সাপেক্ষে ১৪২৮ হিজরী সনের হজ্জ আগামী ১৯ ডিসেম্বর ২০০৭ তারিখে অনুষ্ঠিত হবে। সরকারী ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে হজ্জ সম্পাদন করা যাবে। সরকারী ব্যবস্থাপনায় ১০,০০০ এবং বেসরকারী ব্যবস্থাপনায় ৫৫,০০০ অর্থাৎ সর্বমোট ৬৫,০০০ (পঁয়ষট্টি হাজার) হজ্জযাত্রী প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

২। ধর্মীয় বিধান অনুযায়ী আর্থিকভাবে সামর্থ্যবান এবং দৈহিক ও মানসিকভাবে যোগ্য বিবেচিত বাংলাদেশী নাগরিক পুলিশ ছাড়পত্র সাপেক্ষে হজ্জে গমনের জন্য যোগ্য বিবেচিত হবেন। মাহরাম ব্যতীত মহিলা হজ্জযাত্রী হজ্জে গমনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

৩। সরকারী ব্যবস্থাপনায় হজ্জে গমনকারীদের জন্য ঢাকাস্থ হজ্জ অফিসের মাধ্যমে পিলগ্রীম পাস, ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে। এ ব্যবস্থায় সরকারী হজ্জযাত্রীকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স যোগে ঢাকা হতে জেদ্দায় প্রেরণ এবং জেদ্দা হতে ঢাকায় ফিরিয়ে আনা হবে।

৪। বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জে গমনেচ্ছুকগণ অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে ঢাকা হজ্জ অফিস কর্তৃক সরবরাহকৃত পিলগ্রীম পাসে সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজ্জে গমন করবেন।

৫। অনুমোদিত হজ্জ এজেন্সিসমূহ প্যাকেজের আওতায় হজ্জযাত্রীর জন্য আবাসন, পরিবহনসহ যাবতীয় ব্যবস্থাদি সম্পাদন এবং হজ্জ পালন শেষে সকল হাজীকে দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করবে। এজেন্সীসমূহ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করে হজ্জযাত্রীদের অগ্রিম বিমান ভাড়া নির্ধারিত তারিখের মধ্যে বিমানের ব্যাংক হিসাবে জমা দেবে। মৃত্যু অথবা গুরুতর অসুস্থতাজনিত কারণ ব্যতিরেকে জমাকৃত বিমান ভাড়া ফেরৎ দেয়া হবেনা।

৬। **সরকারী** ব্যবস্থাপনার আওতায় আবাসন সুবিধার উপর ভিত্তি করে **"সবুজ" এবং "নীল" এ দুই ক্যাটাগরীতে** ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ্জযাত্রী প্রেরণ করবে। শুধুমাত্র মক্কার জন্য আবাসন ক্যাটাগরী থাকবে। মদিনার ক্ষেত্রে **এক ক্যাটাগরীর** আবাসন থাকবে। **"সবুজ"** ক্যাটাগরীর আবাসন ব্যবস্থা উন্নততর এবং কাবা শরীফের সর্বোচ্চ **৮০০** মিঃ দুরত্বের মধ্যে এবং **"নীল"** ক্যাটাগরীর জন্য মক্কায় সর্বোচ্চ **১৩০০** মিঃ দুরত্বে আবাসনের ব্যবস্থা করা হবে। মদিনায় উভয় ক্যাটাগরীর জন্য মসজিদে নববী থেকে সর্বোচ্চ **৮০০** মিঃ দুরত্বে আবাসন ব্যবস্থা করা হবে।

### হজ্জে গমনের মাথাপিছু সার্বিক খরচ

| | ব্যয়ের খাতসমূহ | সরকারী | | বেসরকারী |
|---|---|---|---|---|
| | | সবুজ (টাকা) | নীল (টাকা) | |
| (১) | বিমান ভাড়াঃ ১২৫০ মাঃডঃ | ৮৬,৮৭৫/- | ৮৬,৮৭৫/- | ৮৬,৮৭৫/- |
| (২) | এম্বারকেশন ফি | ৩০০/- | ৩০০/- | ৩০০/- |
| (৩) | ফুয়েল সার চার্জ ৬০ মাঃডঃ | ৪,১৭০/- | ৪,১৭০/- | ৪,১৭০/- |
| (৩) | ইন্সিওরেন্স সারচার্জ ১০ মাঃডঃ | ৬৯৫/- | ৬৯৫/- | ৬৯৫/- |
| (৫) | স্থানীয় সার্ভিস চার্জ - (আইডি কার্ড, কজিবেল্ট, পিলগ্রীম পাস, পুস্তিকা, কিট ব্যাগ, আইটি সার্ভিস, প্রশিক্ষণ, হজ্জক্যাম্পে আবাসন, প্রচারণাসহ হাজীদের সেবামূলক ব্যয় নির্বাহের জন্য) | ২৫০/- | ২৫০/- | ২৫০/- |
| (৬) | আপৎকালীন ফান্ড | ৫০/- | ৫০/- | ৫০/- |
| (৭) | মীনা-আরাফাতের তাঁবু ভাড়া, জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মোয়াল্লেম ফি ইত্যাদি বাবদ সৌদি কর্তৃপক্ষকে প্রদেয় | সৌঃরিঃ ১০৮৯ ২০,৯৬৩ | সৌঃরিঃ ১০৮৯ ২০,৯৬৩ | সৌঃরিঃ ১০৮৯ ২০,৯৬৩ |
| (৮) | মীনা-আরাফাতের মোয়াল্লেম সার্ভিস চার্জ | সৌঃরিঃ ১২২ ২,৩৪৯/- | সৌঃরিঃ ১২২ ২,৩৪৯/- | এজেন্সীর প্যাকেজ অনুযায়ী |
| (৯) | মক্কা ও মদিনার বাড়ী ভাড়া | সৌঃরিঃ ২,৯০০ (২৬০০+৩০০) ৫৫,৮২৫/- | সৌঃ রিঃ ১,৮০০ (১৫০০+৩০০) ৩৪,৬৫০/- | এজেন্সী কর্তৃক নির্ধারিত প্যাকেজ অনুযায়ী |

অঃপৃঃদ্রঃ

## হজ্জযাত্রীদের ব্যক্তিগত খরচের হিসাব

| | | | | |
|---|---|---|---|---|
| (১০) | **হজ্জযাত্রীদের ব্যক্তিগত খরচ**<br>**(ক) সৌদি আরবে খাওয়া ও হাত খরচ বাবদ সৌঃ রিঃ ৭২৫**<br>**(খ) কুরবানী (ব্যাংক রেট) সৌঃরিঃ ৪৭৫**<br>মোট - সৌঃরিঃ ১২০০ | সৌঃ রিঃ ১২০০<br>টাকা ২৩,১০০/- | সৌঃরিঃ ১২০০<br>টাকা ২৩,১০০/- | এজেন্সির প্যাকেজ অনুযায়ী |
| | মোট | ১,৯৪,৫৭৭.০০ | ১,৭৩,৪০২.০০ | |

৭। **সরকারী ব্যবস্থাপনায় হাজীদের খাওয়া ও হাত খরচ** এবং কোরবানী বাবদ **জমা দেওয়া ব্যক্তিগত খরচের টাকা হজ্জের উদ্দেশ্যে যাত্রার প্রাক্কালে হজ্জক্যাম্পে** অবস্থিত ব্যাংকসমূহের বুথ থেকে **সৌদি রিয়ালে ফেরৎ প্রদান করা হবে।** বৈদেশিক মুদ্রার বিনিময় হারের তারতম্যের কারণে টাকার পরিমান কম বেশী হতে পারে।

৮। **সরকারী ব্যবস্থাপনায় হজ্জযাত্রীগণকে সার্বিক** খরচ বাবদ **"সবুজ" ক্যাটাগরীর জন্য টাঃ** ১,৯৪,৫৭৭.০০ **(টাকা এক লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত সাতাত্তর মাত্র)** এবং **"নীল"** ক্যাটাগরীর জন্য টাঃ ১,৭৩,৪০২.০০ **(টাকা এক লক্ষ তিয়াত্তর হাজার চারশত দুই মাত্র) নিম্নে উল্লেখিত তফসিলী** ব্যাংকের **যে কোন শাখায় জমা দেয়া যাবে ঃ**

(ক) সোনালী ব্যাংক (খ) অগ্রণী ব্যাংক (গ) জনতা ব্যাংক (ঘ) রূপালী ব্যাংক (ঙ) পুবালী ব্যাংক (চ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ (ছ) বাংলাদেশ কৃষি ব্যাংক (জ) আল আরাফাহ ইসলামী ব্যাংক (ঝ) সিটি ব্যাংক (ঞ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।

৯। সরকারী এবং বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছুক সকল হজ্জযাত্রী হজ্জের **সার্বিক খরচ ব্যতীত** অনুমোদিত ব্যাংক হতে সর্বোচ্চ ৩৫০ (তিনশত পঞ্চাশ) মার্কিন ডলার বা সমমূল্যের সৌদি রিয়াল সাথে নিয়ে যেতে পারবেন।

১০। সরকারী এবং বেসরকারী উভয় ব্যবস্থাপনার টাকা জমা দেয়ার সর্বশেষ **তারিখ ১৪.০৮.২০০৭ / ৩০ শ্রাবণ ১৪১৪ বাংলা/ ২৯ রজব ১৪২৮ হিজরী। উক্ত তারিখের পর** কোন **অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না। আবেদন ফরম** জেলা প্রশাসক / ইসলামিক ফাউন্ডেশনের জেলা / বিভাগীয় কার্যালয় / উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ঢাকা হজ্জ অফিস হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে **স্ব-স্ব জেলা প্রশাসকের অফিসে ১৫.০৮.২০০৭ তারিখের মধ্যে দাখিল করতে হবে।**

১১। জেলা প্রশাসকগণ প্রাপ্ত ফরমসমূহ যাচাই বাছাইপূর্বক একত্রিত করে বিশেষ বাহক মারফত **১৮.০৮.২০০৭** তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, উত্তরা ঢাকায় প্রেরণ করবেন এবং একটি তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার এবং জেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবেন।

১২। **বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জে গমনেচ্ছু হজ্জযাত্রীগণ হজ্জ এজেন্সী কর্তৃক নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা দিবেন। এজেন্সীর নিকট সরাসরি টাকা জমা দেয়া যাবে তবে সেক্ষেত্রে অবশ্যই এজেন্সীর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত** রসিদ **গ্রহণ করতে হবে।**

১৩। পবিত্র হজ্জ পালনের জন্য ব্যাংকে টাকা জমাদানকারীগণ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে সৌদি আরব যেতে পারবেন। **সরকারী এবং বেসরকারী ব্যবস্থাপনায় গমনকারী হজ্জযাত্রীগণের স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক প্রদান, স্বাস্থ্য সনদ এবং পুলিশ ছাড়পত্র প্রদান কার্যক্রম ৩০ সেপ্টেম্বর ২০০৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।** উল্লেখ্য যে, স্বাস্থ্য পরীক্ষার জন্য কোন প্রকার ফি গ্রহণ করা হবে না। সরকারী এবং বেসরকারী উভয় ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ ও পুলিশ ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক।

অঃপৃঃদ্রঃ

১৪। **ঢাকাস্থ হজ্জ অফিস সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবে। সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ হজ্জ মিশন মদিনার বাসা বরাদ্দ করবে।** নীতিমালা অনুযায়ী মক্কা এবং মদিনায় বাড়ী ভাড়া করার পর টাকা জমাদানকারী হজ্জে গমনেচ্ছুক কোন ব্যক্তি হজ্জে যেতে ব্যর্থ হলে বাড়ী ভাড়ার টাকা ফেরত পাবেন না।

১৫। মহিলা হজ্জযাত্রীগণকে মাহরামের সাথে একত্রে টাকা জমা দিতে হবে।

১৬। **হজ্জে গমন এবং প্রত্যাবর্তনের কাজ সর্বোচ্চ ৪২ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।**

১৭। সরকারী ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রী কেবল জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর দিয়ে সৌদি আরব গমন করবেন। তবে হজ্জ এজেন্সীসমূহের মাধ্যমে বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর ছাড়াও চট্টগ্রাম ও সিলেট বিমান বন্দর দিয়ে সৌদি আরব যেতে পারবেন। সে ক্ষেত্রে বিমান মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত জনপ্রতি ১০০ মার্কিন ডলার হারে অতিরিক্ত প্রদান করতে হবে।

১৮। **সরকারী এবং বেসরকারী উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ ঢাকা হজ্জক্যাম্পে অবস্থান করবেন। হজ্জযাত্রীগণ হজ্জের উদ্দেশ্যে যাত্রার ০৩(তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজ্জক্যাম্পে আগমন করবেন।** হজ্জক্যাম্পে অবস্থানকালে হজ্জযাত্রীদের হজ্জের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরী বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক ও অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে ৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে।

১৯। **উড়োজাহাজে কোন হজ্জযাত্রী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কেজির বেশী মালামাল বহন করতে পারবেন না। কোন খাদ্য দ্রব্য যেমন- চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমন ঃ রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমুল, পান, সুপারি ইত্যাদি সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না।**

২০। সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের লাগেজে নাম, পিলগ্রীম পাস ও মোয়াল্লেম নম্বর এবং বে-সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীর লাগেজে নিজের নামের সাথে এজেন্সির নাম ও সৌদি আরবে সংশ্লিষ্ট এজেন্সি/প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা লেখা বাধ্যতামুলক।

২১। সরকারী/বেসরকারী সকল হাজী কর্তৃক কুরবানী/দম এর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম।

২২। বেসরকারী ব্যবস্থাপনার হাজীগণকে হজ্জ এজেন্সীর সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত ফরমে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তির মূল কপি হাজীর নিকট, একটি অনুলিপি হজ্জ অফিসে এবং অন্যটি হজ্জ এজেন্সীর নিকট সংরক্ষিত থাকবে। উল্লিখিত চুক্তিনামার নির্ধারিত ফরম অন্যান্য ফরমের সাথে হজ্জ অফিস, ঢাকা থেকে সংগ্রহ করতে হবে।

২৩। প্রত্যেক হাজীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সম্বলিত আইডি কার্ড এবং কব্জী বেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিক্যাল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক।

২৪। অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে যে কেউ হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা (ফোন - ৮৯১৬৫৭৪, ৮৯১৬৫৭০) এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগনের সাথে (ফোন-৭১৬৪৮০৭, ৭১৬৪৮১৯, ৭১৬৩৬৭৮) যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও প্রত্যেক জেলায় অবস্থিত উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, এর কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

অঃপৃঃদ্রঃ

২৫। হজ্জ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজ্জযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে। এ বিষয়ে **www.bdhajjinfo.org / www.hajjinfo.gov.bd / www.mora.gov.bd** ওয়েব সাইট সমূহ হতে তথ্য সংগ্রহ করা যাবে।

(এ, কে, এম, শামীম আক্তার)
সিনিয়র সহকারী সচিব (হজ্জ)
ফোন ঃ ৭১৬৩৬৭৮।

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫। সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ.............................................
৬। রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাদ, রিয়াদ, সৌদি আরব।
৭। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা।
৮। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।
১০। বিভাগীয় কমিশনার (সকল).............................................
১১। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বলাকা ভবন, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)
(ক) সোনালী ব্যাংক, (খ) অগ্রণী ব্যাংক (গ) জনতা ব্যাংক (ঘ) রূপালী ব্যাংক (ঙ) পুবালী ব্যাংক (চ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ (ছ) বাংলাদেশ কৃষি ব্যাংক (জ) আল আরাফাহ ইসলামী ব্যাংক (ঝ) সিটি ব্যাংক (ঞ) (ট) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী প্রধান কার্যালয়, ঢাকা।
১৩। কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৪। জেলা প্রশাসক (সকল)..................................................।
১৫। কাউন্সিলর (হজ্জ), হজ্জ উইং, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৬। পুলিশ সুপার, (সকল)..................................................।
১৭। সিভিল সার্জন (সকল)..................................................।
১৮। সহকারী হজ্জ অফিসার, মক্কা হজ্জ মিশন, মক্কা-আল-মোকাররমা, সৌদি আরব।
১৯। হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা।
২০। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২২। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ (সকল জেলা)।
২৩। জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৪। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার (১৬তম তলা, হোটেল ভিক্টরী লিঃ), ৩০/এ, নয়াপল্টন , ভিআইপি রোড, ঢাকা-১০০০।